

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(পত্র বিনিময় শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

স্মারক নং- ১০১৪৩(৬)

জি


তারিখঃ ২৯/১১/২০১৭ খ্রি.

**বিষয়ঃ** 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৭'-এ অধস্তন আদালতের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাগণের অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ রোজ শনিবার ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দিনব্যাপি 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৭' অনুষ্ঠিত হবে। সম্মেলনে বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার পালনরত মাননীয় বিচারপতি জনাব মোঃ আবদুল ওয়াহ্‌হাব মিঞা, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দ এবং দেশের অধস্তন আদালতের সকল স্তরের বিচার বিভাগীয় কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ আনিসুল হক এম.পি. এবং আইন ও বিচার বিভাগের মাননীয় সচিব জনাব আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। এমতাবস্থায়, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে এবং সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সে প্রশিক্ষণরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৭'-এ (আগামী ০২ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ রোজ শনিবার ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে) অংশগ্রহণের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯।

E-mail:sohag\_ar@supremecourt.gov.bd

সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা।

**অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
৩. মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)